

RE



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং- ক/অ/ ৪৭(২)

তারিখ :

বিষয় : স্বীকৃতির মেয়াদ বৃদ্ধি।

সূত্র : আপনার ২৪-০৫-২০১৪ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানান যাচ্ছে যে, নিম্নে প্রদত্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে অত্র কলেজের মানবিক বিভাগ ও ব্যবসায় শিক্ষা শাখার স্বীকৃতির মেয়াদ ০১-০৭-২০১৪ হতে ৩০-০৬-২০১৮ পর্যন্ত অর্থাৎ ০৪(চার) বৎসরের জন্য বৃদ্ধি করা হল এর পরিপ্রেক্ষিতে কলেজের শিক্ষার্থীগণ ২০১৯ সাল পর্যন্ত অনুষ্ঠিতব্য উচ্চ মাধ্যমিক পরীক্ষায় নিম্ন লিখিত বিভাগ ও এর অন্তর্ভুক্ত নির্দিষ্ট বিষয়গুলির জন্য নিয়মিত শিক্ষার্থী হিসাবে পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে। এ প্রসঙ্গে উল্লেখ্য যে, কলেজের পরবর্তী মেয়াদ বৃদ্ধির সময়ে নিম্নোক্ত শর্তাবলী পূরণ এবং অন্যান্য কার্য সম্বন্ধে সন্তোষজনক রিপোর্টের উপর নির্ভর করবে।

১) আবশ্যিক বিষয় সমূহঃ বাংলা ও ইংরাজী এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি(সকল বিভাগের জন্য)

২) নৈর্বাচনিক বিষয় সমূহঃ

ক) মানবিক বিভাগঃ অর্থনীতি, পৌরনীতি, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলাম শিক্ষা, যুক্তিবিদ্যা, ভূগোল।

খ) ব্যবসায় শিক্ষা বিভাগঃ হিসাব বিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল, সার্চিবিক বিদ্যাও অফিস ব্যবস্থাপনা, পরিসংখ্যান।

গ) বিজ্ঞান বিভাগঃ নাই।

শর্তাবলীঃ

১। প্রতিটি বিভাগে কাম্য সংখ্যক শিক্ষার্থী ভর্তি করতে হবে।

২। উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল আরো সন্তোষ জনক হতে হবে।

৩। যথাযথ মর্যাদায় জাতীয় দিবস গুলি উদযাপন করতে হবে।

৪। শিক্ষার্থীদের মাঝে ক্রীড়া, সাংস্কৃতিক অনুষ্ঠান ও বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করতে হবে।

৫। কলেজ চত্বরে ফলজ, বনজ ও ঔষধি গাছ লাগাতে ও পরিচর্যা করতে হবে।

৬। কলেজ সীমানা প্রাচীর নির্মান করতে হবে।

৭। কলেজের অবকাঠামো উন্নয়ন করতে হবে।

৮। লাইব্রেরীতে পাঠ সহায়ক বই এর সংখ্যা বৃদ্ধি করতে হবে।

৯। বাংলা একাডেমি কর্তৃক প্রকাশিত অভিধানসমূহ ক্রমি লেখকদের বই ক্রয় করতে হবে।

১০। বোর্ডের সকল বিজ্ঞপ্তি ওয়েব সাইট হতে সঙ্গ্রহ করতে হবে।

স্বাক্ষর:

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর।

ফোন-০৪২১-৬৮৬৩৮

প্রাপক :

অধ্যক্ষ,

শিলাইদহ বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর কলেজ

ডাক- শিলাইদহ, কুমারখালী, কুষ্টিয়া।

স্মারক নং- ক/অ/ ৪৭(২) ২২৭৮(৯)৬

তারিখ : ৮/৬/১৪

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

৩। জেলা প্রশাসক, কুষ্টিয়া।

৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

৫। উপজেলা নির্বাহী অফিসার, কুমারখালী, কুষ্টিয়া।

✓ ৬। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (ওয়েব সাইটে প্রকাশের জন্য)

৯। অফিস নথি।

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর।

ফোন-০৪২১-৬৮৬৩৮

২/৬/১৪